

## উপজেলা মুক্তিযোদ্ধা কমিটি, সরিষাবাড়ীর সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আবুল কালাম আজাদ  
ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।

স্থান : ভাইস-চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী।

তারিখ : ০৭/০৫/২০২৩ খ্রি.

সময় : বেলা ১১:০০ ঘটিকা

উপস্থিতি: পরিশিষ্ট 'ক'।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সদস্যসচিবকে সভার আলোচ্য সূচি মোতাবেক আলোচনা করার অনুরোধ জানান। সদস্যসচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনালে তা বিনা সংশোধনীতে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র. নং	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা সংক্রান্ত আলোচনা।	সদস্যসচিব সভায় জানান যে, সরিষাবাড়ী উপজেলায় ৬৮৬ জন বীরমুক্তিযোদ্ধার বিপরীতে বীরমুক্তিযোদ্ধা বা তাদের পরিবারের পক্ষ ৭৩০ জন উপকারভোগী ভাতা গ্রহণ করছেন। এছাড়া মুক্তিযোদ্ধা সম্মানী ভাতার নতুন আবেদন গ্রহণ এবং ভাতাভোগীর মৃত্যু জনিত কারণে ভাতা প্রতিস্থাপনের আবেদন গ্রহণ অব্যাহত আছে। মৃত মুক্তিযোদ্ধার ওয়ারিশানদের মাঝে নীতিমালা অনুযায়ী ভাতাবন্টনে উপজেলা কমিটি কাজ করছে। ম্যানেজার, সোনালী ব্যাংক উপজেলা কমপ্লেক্স শাখা, সরিষাবাড়ী ভাতা বাস্তবায়ন সদস্য সচিব হিসাবে দায়িত্ব পালন করছেন। মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণ সংক্রান্ত উপজেলা কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে।	বরাদ্দ অনুযায়ী নিয়মিত ভাতা বিতরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	ম্যানেজার, সোনালী ব্যাংক উপজেলা কমপ্লেক্স শাখা, সরিষাবাড়ী জামালপুর।
০২.	অসচ্ছল মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন বরাদ্দ সংক্রান্ত	সদস্যসচিব সভায় জানান যে, অন্যান্য উপজেলার ন্যায় সরিষাবাড়ী উপজেলায় অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের আবাসন নির্মাণ প্রকল্পের আওতায় বরাদ্দ প্রাপ্ত ১১৯ টি ঘরের মধ্যে ২১ টি ঘরের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ৯৮ টি ঘরের নির্মাণ কাজ চলমান আছে। দ্রুত শেষ হবে। বর্তমানে গৃহ নির্মাণে নতুন কোন আবেদন গ্রহণের নির্দেশনা নেই। নির্দেশনা পেলে আবেদন গ্রহণ করা হবে।	নীতিমালা অনুসরণ করে দ্রুত সময়ের মধ্যে গৃহ নির্মাণ করার জন্য সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সরিষাবাড়ী, জামালপুর।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



আবুল কালাম আজাদ  
ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ

ও

সভাপতি


উপজেলা মুক্তিযোদ্ধা কমিটি  
সরিষাবাড়ী, জামালপুর।

স্মারক নং: ৪১.০১.৩৯৮৫.০০০.০৬.০০১.১৯- ৫৯ (৮)

তারিখঃ ০৭/০৫/২০২৩ খ্রিঃ



অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ০১। জনাব আলহাজ্ব ডাঃ মোঃ মুরাদ হাসান, মাননীয় জাতীয় সংসদ সদস্য-১৪১, (জামালপুর-০৪)।
- ০২। জেলা প্রশাসক, জামালপুর।
- ০৩। উপপরিচালক, স্থানীয় সরকার বিভাগ, জামালপুর।
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।
- ০৬। ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
- ০৭। চেয়ারম্যান, .....ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
- ০৮। জনাব .....
- ০৯। অফিস কপি।

  
মোঃ আরিফুর রহমান  
উপজেলা সমাজসেবা অফিসার  
ও  
সদস্যসচিব  
উপজেলা মুক্তিযোদ্ধা কমিটি  
সরিষাবাড়ী, জামালপুর।

উপজেলা মুক্তিযোদ্ধা কমিটি, সরিষাবাড়ীর মে/২০২৩ খ্রিঃ মাসের উপস্থিতির স্বাক্ষর শীটঃ

তারিখঃ ০৭/০৫/২০২৩ খ্রিঃ

ক্র. নং	নাম /পদবী	মোবাইল নম্বর ও ই-মেইল	স্বাক্ষর
০১.	জনাব আবুল কালাম আজাদ, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী		
০২.	জনাব মোঃ আব্দুস সালাম, চেয়ারম্যান, কামরাবাদ ইউনিয়ন পরিষদ		
০৩.	জনাব মোঃ বোরহান উদ্দিন বাদল, চেয়ারম্যান, ভাটারা ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী		
০৪.	বীরমুক্তিযোদ্ধা জনাব মোঃ বেলাল হোসেন, চেয়ারম্যান, আওনা ইউনিয়ন পরিষদ, সরিষাবাড়ী		
০৫.	জনাব মোঃ আরিফুর রহমান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সরিষাবাড়ী	০২৬৭২৫৪০২৫	